# জে এস সি পরীক্ষা - ২০১৮ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ বাংলা বিষয় কোড: ১ ০ ১

### সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ]

[বি:দ্র: গদ্য ও কবিতা অংশ থেকে ২টি করে মোট ৪টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে। ১০×৪=৪০

### সৃজনশীল অংশ—৪০

### ক অংশ — গদ্য

১.▶ অষ্টম শ্রেণির শিক্ষার্থীরা শিক্ষা সফরে এসে দেখতে পায় একটি শিশু মা-বাবাকে হারিয়ে একাকী কাঁদছে। দুরন্ত শিক্ষার্থীরা কয়েকটি দলে বিভক্ত হয়ে শিশুর মা-বাবাকে খুঁজে বের করার চ্যালেঞ্জ নেয়। অবশেষে খুঁজেও পায়। শিক্ষা- সফরের আনন্দের সাথে যুক্ত হয় নিজেদের কর্তব্যবোধ, বুদ্ধিমত্তা এবং মানবিকতার আনন্দ।

ক. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় চব্বিশ পরগনা জেলার কোন গ্রামে জন্মগ্রহণ করেন? ১

খ. 'তুমি পড়ো না, তোমার সে খোঁজে কী দরকার?'— কথাটি বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের অষ্টম শ্রেণির শিক্ষার্থীদেরকে 'পড়ে পাওয়া' গল্পের কাদের সাথে তুলনা করা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকটি 'পড়ে পাওয়া' গল্পের মূল চেতনারই প্রতিভূ— উক্তিটির সত্যতা নিরূপণ করো। ৪

২.▶



ক. ঢাকার মসলিন এক সময় কাদের বিলাসের বস্তুছিল? ১

খ. 'এটি আমাদের লোকশিল্পের এক অতুলনীয় নিদর্শন'— কথাটি বুঝিয়ে দাও। ২

https://teachingbd24.com

গ. উপরের ছবিটি 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের কোন দিকটির পরিচয় বহন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উপরের ছবিতে 'আমাদের লোকশিল্প' প্রবন্ধের একটি বিশেষ দিকের প্রতিফলন ঘটেছে মাত্র— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৩. ★ পহেলা বৈশাখে শফিক নতুন জামা পরে তার বাবার সাথে মেলায় গিয়েছে। মেলায় বিভিন্ন রকমের জিনিসপত্র বিশেষ করে রঙিন বেলুন, পাতার বাঁশি, কদমা, বাতাসা, মুড়-মুড়কি, শফিককে বেশ আকর্ষণ করে। এছাড়া সাংস্কৃতিক অনুষ্ঠান, লাঠি খেলা, নাগরদোলা, বিভিন্ন ধর্মের অগণিত লোকের সমাগম এবং আরো বিভিন্ন ধরনের আনন্দ আয়োজন দেখে শফিক উচ্ছ্বাসে মেতে ওঠে। বাড়ি ফেরার পথে সে বাবাকে বলে, 'পহেলা বৈশাখ আজ বাঙালির সবচেয়ে বড় অসাম্প্রদায়িক উৎসব।'

ক. 'সাল' কথাটি কোন ভাষার শব্দ? ১

খ. আধুনিক কালে বাংলা নববর্ষ উদযাপনের ধারা সারা বাংলায় ছড়িয়ে পড়েছে কীভাবে? ২

গ. উদ্দীপকে 'বাংলা নববর্ষ' প্রবন্ধের যে দিকটি প্রকাশ পেয়েছে তার বর্ণনা দাও। ৩

ঘ. "পহেলা বৈশাখ আজ বাঙালির সবচেয়ে বড় অসাম্প্রদায়িক উৎসব"— 'বাংলা নববর্ষ' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

## খ অংশ — কবিতা

৪. ▶ অনিক সকলের সাথে খুব ভালো ব্যবহার করে। ধনী-গরিব, ছোট-বড় সকলকে সে সম্মান প্রদর্শন করে কথা বলে। শ্রমজীবী মানুষদের সাথে তার মার্জিত আচরণে কেউ কেউ সমালোচনা করে। তাকে নিয়ে বিদ্রুপ করে। এতে অনিক দমে যায় নি বরং তাদেরকে বোঝাতে চেষ্টা করে সকল মানুষকে সমান শ্রদ্ধা করতে হবে, ভালোবাসতে হবে। অনিকের চারিত্রিক এই দৃঢ়তা এবং নমনীয়তায় সকলেই মুগ্ধ।

ক. কীসের কবলে শক্তি মরে? ১

খ. 'চলে যাই উপেক্ষার ছলে'— কথাটি বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপক এবং 'পাছে লোকে কিছু বলে' কবিতার ভাবগত বৈসাদৃশ্য ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের অনিক এবং 'পাছে লোকে কিছু বলে' কবিতা অবলম্বনে কামিনী রায়ের মানসিকতা একই সূত্রে গাঁথা— মন্তব্যটি বিচার করো। ৪

https://teachingbd24.com

৫. ✪ পুত্র হত্যাকারীকে দীর্ঘদিন ধরে অনুসন্ধান করে আসছেন ইউসুফ। হঠাৎ করে সেই হত্যাকারী নিজেই এসে আশ্রয় প্রত্যাশা করলেন ইউসুফের কাছে। হত্যাকারী নিজেই ইউসুফকে জানাল যে, সে-ই ইব্রাহিমের গুপ্তঘাতক। এ কথা শোনার পর ইউসুফ আগন্তুক হত্যাকারীকে ক্ষমা করে দিলেন এবং সবচেয়ে বলবান ঘোড়ায় উঠিয়ে দূরদেশে পাঠিয়ে দিলেন। এভাবে শত্রুকে কাছে পেয়েও ইউসুফ তাকে ক্ষমা করে দিয়ে এক অপূর্ব প্রতিশোধের দৃষ্টান্ত স্থাপন করলেন।

ক. 'মসনদ' শব্দের অর্থ কী? ১

খ. 'জয়ী বলিব না এ দেহে রহিতে প্রাণ'— কীভাবে? ২

গ. উদ্দীপকের হত্যাকারী 'বাবুরের মহত্ত্ব' কবিতায় কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকের ইউসুফ এবং 'বাবুরের মহত্ত্ব' কবিতার বাবুর একই চেতনার প্রতিভূ"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৬. ✪ 'হয় ধান নয় প্রাণ— এ শব্দে
সারা দেশ দিশাহারা'
একবার মরে ভুলে গেছে আজ
মৃত্যুর ভয় তারা।
শাবাশ বাংলাদেশ, এ পৃথিবী
অবাক তাকিয়ে রয়
জ্বলে-পুড়ে মরে ছারখার
তবু মাথা নোয়াবার নয়।

ক. 'একুশের গান' কবিতায় কোন ফুলের নাম উল্লেখ আছে? ১

খ. 'দারুণ ক্রোধের আগুনে আবার জ্বালব ফেব্রুয়ারি'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'একুশের গান' কবিতার কোন চেতনা প্রতিফলিত হয়েছে? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপক এবং 'একুশের গান' কবিতার যোগসূত্রই আমাদের চলার নতুন প্রেরণা— মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

## নির্মিতি অংশ—৩০

৭. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. **সারমর্ম লেখ:**

✪ এই যে বিটপি-শ্রেণি হেরি সারি সারি—
কি আশ্চর্য শোভাময় যাই বলিহারি!
কেহ বা সরল সাধু-হৃদয় যেমন,
ফল-ভরে নত কেহ গুণীর মতন।

Teachingbd24.com

এদের স্বভাব ভালো মানবের চেয়ে,
ইচ্ছা যার দেখ দেখ জ্ঞানচক্ষে চেয়ে।
তখন তাদের শির সমুন্নত রয়।
কিন্তু ফলশালী হরে এই তরুগণ,
অহংকারে উচ্চশির না করে কখন।
ফলশূন্য হলে সদা থাকে সমুন্নত,
নীচ প্রায় কার ঠাঁই নহে অবনত।

খ. সারাংশ লেখ:

সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞানতার অন্ধকার দূর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরো সুন্দর হয়ে ওঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই; শিক্ষার আলো পেয়ে আমাদের ভেতরের মানুষটি জেগে ওঠে। আমরা বড় হতে চাই, বড় হওয়ার জন্য চেষ্টা করি। আমরা সুন্দর করে বাঁচতে চাই, বাঁচার মতো বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজেও লাগানো চাই। শিক্ষার ফলে আমাদের ভেতর যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে ওঠে। আমরা মানুষ হয়ে উঠি।

৮. **ভাবসম্প্রসারণ কর: (যেকোনো একটি)** ৫×১=৫

ক. জন্মিলে মরিতে হবে
অমর কে কোথা কবে
চিরস্থির করে নীর
হায় রে জীবন নদে?

খ. জ্ঞানহীন মানুষ পশুর সমান।

৯. **যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও:** ৫×১=৫

ক. ধর, তোমার নাম করিম, তুমি অষ্টম শ্রেণিতে পড়, তোমার বিদ্যালয়ের নাম কে বি পাইলট উচ্চ বিদ্যালয়। তোমার বিদ্যালয়ে একটি 'বিজ্ঞান ক্লাব' গঠনের অনুমতি চেয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা আবেদনপত্র রচনা করো।

খ. 'নজরুল জন্মজয়ন্তী' উদযাপন উপলক্ষে একটি আমন্ত্রণপত্র রচনা করো।

১০. **যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর:** ১৫×১=১৫

ক. বাংলা নববর্ষ

খ. ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য

গ. কর্মমুখী শিক্ষা

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা

বিষয় কোড: ১ ০ ১

সময়—৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. 'অতিথির স্মৃতি' গল্পে 'ক্ষুধাহরণের কর্তব্যটা সমাধা করে' বলতে কী বোঝানো হয়েছে?
ⓚ খাবার খাওয়া
ⓚ খাবার প্রদান করা
ⓖ কাজ করা
ⓖ কাজের নিযুক্ত করা

২. ★ ভাষাকে কীসের বাহন বলা হয়?
ⓚ মনের ⓚ ধ্বনির
ⓖ ভাবের ⓖ কাজের

৩. লেখক টিনের বাক্সটি ফেরত দিতে চান কেন?
i. ধর্মের কথা ভেবে
ii. অদ্ভুত পরিবর্তন আসায়
iii. গরীবের দুর্দশার কথা ভেবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৪. ★ 'তৈলচিত্রের ভূত' গল্পের মূল বিষয় কী?
ⓚ ভূতকে নিয়ে গবেষণা
ⓚ ভূতকে নিয়ে রসিকতা
ⓖ কিশোর মনের কৌতূহল
ⓖ বিজ্ঞানসম্মত বিচারবুদ্ধি

৫. কোনটি তালব্য বর্ণের উদাহরণ?
ⓚ ক ⓚ ত
ⓖ ট ⓖ চ

৬. ★ কোন এলাকায় শীতলপাটি সকলের কাছে পরিচিত?
ⓚ খুলনার ⓚ সিলেটের
ⓖ সাজাদপুরের ⓖ নারায়ণগঞ্জের

নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:

ধর্ম যার যার, উৎসব সবার।

৭. উদ্দীপকের চেতনার সাথে নিচের কোন রচনার সাদৃশ্য রয়েছে?
ⓚ আমাদের লোকশিল্প
ⓚ সুখী মানুষ
ⓖ বাংলা নববর্ষ
ⓖ মংডুর পথে

৮. উক্ত চেতনার মূলে রয়েছে—
i. জাতীয় ঐক্য
ii. সাম্যবাদী মনোভাব
iii. সাম্প্রদায়িক সম্প্রীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৯. ★ 'বঙ্গভূমির প্রতি' কবিতায় মৃত্যুর দেবতাকে কী বলা হয়েছে?
ⓚ শ্যামা ⓚ শমন
ⓖ শরদ ⓖ হুমর

১০. চির অশান্তির অর্থে কোন বাগধারাটি উপযুক্ত?
ⓚ রাবনের চিতা ⓚ ভরাডুবি
ⓖ তামার বিষ ⓖ অপকর্ম

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই।

১১. ★ উদ্দীপকে 'মানবধর্ম' কবিতার আলোকে মানুষের কোন দিকটি ফুটে উঠেছে?
ⓚ মহিমা ⓚ গৌরব
ⓖ আশাবাদ ⓖ অমরত্ব

১২. ★ যেদিক থেকে উদ্দীপকটিকে 'মানবধর্ম' কবিতার মূলসুর বলা যায়—
i. মনুষ্য ধর্ম
ii. ধর্মের ভেদাভেদ
iii. অসাম্প্রদায়িকতা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

Teachingbd24.com

https://teachingbd24.com

১৩. প্রশ্ন চিহ্নের জন্য কতক্ষণ থামতে হয়?
ক) ১ সেকেন্ড সময়
খ) ১ বলার সময়
গ) ১ বলার দ্বিগুণ সময়
ঘ) ২ সেকেন্ড সময়

১৪. কবি কায়কোবাদের জন্ম কোথায়?
ক) কুমিল্লা  খ) নোয়াখালি
গ) বরিশাল  ঘ) ঢাকা

১৫. 'নারী ও পুরুষ সমান'— এ উপলব্ধির প্রতিফলন ঘটেছে কোন কবিতায়?
ক) নারী  খ) একুশের গান
গ) প্রার্থনা  ঘ) মানবধর্ম

১৬. 'একুশের গান' কবিতা আমাদের কী শিক্ষা দেয়?
ক) সংগ্রামী প্রত্যয়
খ) প্রতিবাদী চেতনা
গ) প্রতিরোধের দৃঢ়তা
ঘ) আত্মত্যাগের মহিমা

১৭. ভাবকে কীসের দাসরূপে নিয়োগ করা প্রয়োজন?
ক) সময়ের  খ) কার্যের
গ) আবেগের  ঘ) পরিণতির

১৮. ব্যঞ্জনবর্ণের 'ফলা' চিহ্ন কতটি?
ক) পাঁচটি  খ) ছয়টি
গ) সাতটি  ঘ) আটটি

১৯. নিচের কোনটি স্বরসন্ধির উদাহরণ?
ক) দিগন্ত  খ) মিথ্যুক
গ) উচ্ছেদ  ঘ) কাঁচকলা

২০. কোন শব্দটি দ্বারা কেবল পুরুষ বোঝায়?
ক) শিষ্য  খ) এয়ো
গ) স্ত্রৈণ  ঘ) অজ

২১. কোনটি খাঁটি বাংলা ধাতু?
ক) অঙ্ক্  খ) কৃৎ
গ) ডর  ঘ) আঁক্

২২. উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি?
ক) বিদ্যালয়  খ) ঢাকাই
গ) সুনজর  ঘ) নদীমাতৃক

২৩. শব্দের প্রাণ কোনটি?
ক) ধ্বনি  খ) বর্ণ
গ) অর্থ  ঘ) বাক্য

২৪. 'আবার আসিব ফিরে' কবিতায় 'করুণ ডাঙায়' শব্দ ব্যবহারের তাৎপর্য কী?
ক) অনুর্বর ভূমি
খ) ফসলহীন প্রান্তর
গ) বাঙালির দুঃখ
ঘ) বাঙালি নারীর দুঃখ

২৫. 'সমীর' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক) শশী  খ) বায়ু
গ) বিজলি  ঘ) ভানু

২৬. 'আচ্ছা, সে দেখা যাবে' উপেনকে বলা এ কথায় রয়েছে জমিদারের—
ক) অভিমান  খ) ঘৃণা
গ) ক্রোধ  ঘ) প্রতিবাদ

২৭. নিচের কোনটি 'কোলন'?
ক) ঃ  খ) ঃ-
গ) :-  ঘ) :

২৮. কোনটি তৎসম শব্দ?
ক) কুটির  খ) বার্নিশ
গ) হর্ন  ঘ) কুর্নিশ

২৯. সন্ধিতে ধ্বনির কয় ধরনের মিলন হয়?
ক) তিন  খ) চার
গ) পাঁচ  ঘ) ছয়

৩০. মার্শাল-ল জারি করা হয় কত সালে?
ক) ১৯৫৮  খ) ১৯৬২
গ) ১৯৬৪  ঘ) ১৯৭১

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

teachingbd24.com